



ইনকিলাব ও শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুল হক মিলন গত ২২ নভেম্বর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ঢাকা জেলা রোভারদের দক্ষতা অর্জন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন

সন্ত্রাসমুক্ত শিক্ষাসন প্রতিষ্ঠায় স্টাডিং আন্দোলন বিরাট ভূমিকা পালন করছে

.....শিক্ষা প্রতিমন্ত্রী

প্রেস বিজ্ঞপ্তি : শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুল হক মিলন বলেছেন, দেশের সামগ্রিক আর্থ-সামাজিক প্রেক্ষাপটে নকলমুক্ত ও সন্ত্রাসমুক্ত শিক্ষাসন প্রতিষ্ঠায় স্টাডিং আন্দোলন বিরাট ভূমিকা পালন করে যাচ্ছে। সে জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ স্টাডিং দেশের সকল সরকারী-বেসরকারী কলেজ, ইনস্টিটিউট, মাদ্রাসা এবং বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের সমাজের সুযোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে স্টাডিং কার্যক্রমের সুপারিকল্পিত পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করে যাচ্ছে।

মন্ত্রী গত শুক্রবার বাংলাদেশ স্টাডিং ঢাকা জেলা রোভার আয়োজিত দক্ষতা অর্জন প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ ও ইফতার মাহফিল উপলক্ষে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় মিলনায়তনে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। ঢাকা জেলা প্রশাসক ব্যারিস্টার মুহম্মদ হায়দার আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সনদ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ স্টাডিং-এর প্রধান জাতীয় কমিশনার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সচিব মুহঃ ফজলুর রহমান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিসি ড. আবদুল মমিন চৌধুরী, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ডিসি ড. এস এম ফারুক।